দৈনিক জনকণ্ঠ

MAR. 5 2001
তারিখ
পৃষ্ঠা কলাম

## সোনালী ব্যাংকের গাফিলতি

# বিভিন্ন স্থানে বেসরকারী শিক্ষকরা ফেব্রুয়ারি মাসের বেতন পাননি

**জনকণ্ঠ রিপোর্ট ॥** শিক্ষা বিভাগের মহাপরিচালকের নির্দেশ সংক্রান্ত সার্কুলার সোনালী ব্যাংকে স্থানীয় শাখাগুলোতে যথাসময়ে না পৌঁছায় বিভিন্ন স্থানে বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারী ফেব্রুয়ারি মাসের বেতন-ভাতা তুলতে পারেননি। শিক্ষক-শিক্ষিকারা এবারে ঈদ উদযাপন করতে পারছেন না। ভুক্তভোগীরা জানান, শিক্ষা বিভাগের মহাপরিচালক বেসরকারী এসব শিক্ষাপ্রতিষ্ঠানের ফেব্রুয়ারি মাসের বেতন-ভাতা পরিশোধের জন্য সোনালী ব্যাংকের স্থানীয় শাখা হতে ঢাকায় প্রধান কার্যালয়ে সার্কুলার পাঠানো হয় অনেক আগেই। কিন্তু উক্ত সার্কুলার প্রধান শাখায় রবিবার পর্যন্ত না আসায় ব্যাংক বেসরকারী উক্ত শিক্ষক-শিক্ষিকাদের বেতন-ভাতা দেয়নি। রবিবার কয়েক হাজার শিক্ষক-শিক্ষিকা তাঁদের ফেব্রুয়ারি মাসের বেতনের জন্য সোনালী ব্যাংক ও শিক্ষা অফিসসমূহে সারা দিন ধরে বসে থাকেন। কিন্তু বেতন না পেয়ে অনেকেই কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে যান। আমাদের নীলফামারী, চাঁদপুর, পাবনা ও হবিগঞ্জ সংবাদদাতা এ সংবাদ